



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

website: www.kb.gov.bd

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১১০.৩৪.০০১.২৩-১৮-৭৩ (৩০৮)

তারিখ: ১৮-জানুয়ারি ২০২৩

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক  
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয়: দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) -এর সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে প্রকাশিতব্য  
স্মরণিকায় প্রকাশের জন্য লেখা প্রেরণ।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) এর ৫০ বছর পূর্তি তথা সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউট একটি স্মরণিকা প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইত:পূর্বে এ বিভাগের ১৪.১১.২০২২ তারিখের ১২০৩(২৯৬) নম্বর পত্রের মাধ্যমে উক্ত স্মরণিকায় প্রকাশের জন্য এ ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে আইবিবি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিষয়ক এবং সমসাময়িক অর্থনৈতিক বিষয়, গল্প, কবিতা ও প্রবন্ধ লেখা আহ্বান করা হয়েছিল। গত ২১.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ১৪৯তম কাউন্সিল সভায় মানসম্পন্ন লেখা প্রাপ্তির জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং ফেলো সদস্যদের পুনরায় পত্র প্রেরণ এবং স্মরণিকা প্রকাশের জন্য মনোনীত লেখকদের সম্মানী প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হওয়ায় আগ্রহী লেখক/লেখকদের উল্লিখিত বিষয়ে তাঁদের লেখাসমূহ প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। তবে ইত:মধ্যে যারা লেখা পাঠিয়েছে তাঁদের পুনরায় লেখা পাঠানোর আবশ্যিকতা নেই।

০৩। এমতাবস্থায়, এ ব্যাংকের আগ্রহী লেখক/লেখকদের উল্লিখিত বিষয়ে তাঁদের লেখাসমূহ আগামী ৩১ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে সরাসরি মহাসচিব, আইবিবি, ঢাকা -এর বরাবর হার্ডকপি ও সফট কপি ইনস্টিটিউটের ই-মেইল: goldenjubilee.ibb@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(এস.এম.এমাম মাসুম)

উপমহাব্যবস্থাপক

ফোন: ০২-৪১০৫০৫৭১

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১১০.৩৪.০০১.২৩-১৮-৭৩ (৩০৮) (২৭)

তারিখ: -এ-

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়-এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা/পরিচালন ও হিসাব) মহোদয়-এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে এ পত্রটি ব্যাংকের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ০৬। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ০৭। বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ০৯। অফিস নথি।

(মোহাম্মদ খাইরুল হাসান শেখ)

সহকারী মহাব্যবস্থাপক

ফোন: ০২-৪১০৫১৪২২

কর্মসংস্থান ব্যাংক ভবন, প্রধান কার্যালয় ১, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০, ফোন: ০২-৪১০৫০৫৭১। Email: pmthrd.kb.gov.bd

“গুণাচার আর শিষ্টাচার, কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার”

“বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু”